কৃষিই সমৃদ্ধি
# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং : ১২.২০.০০০০.০২০.০৫.০০১.২১. ৬১১২ তারিখঃ ১৭ ডিসেম্বর ২০২৩

**বিষয় : ২০২৩-২৪ অর্থবছরে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা'র কার্যক্রম ১.১.১ অনুযায়ী অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারদের সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

তারিখ : ১৮ ডিসেম্বর ২০২৩
সময় : সকাল ১১:১৫ টা
স্থান : সভাকক্ষ-১, বিএআরসি
সভাপতি : ড. মোঃ ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি
উপস্থিতি : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কাউন্সিলের পরিচালক (সাপোর্ট সার্ভিস) জনাব মোঃ আব্দুল মোত্তাকিন ২০২৩-২৪ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনার কার্যক্রম ১.১.১ এ উল্লিখিত অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারের সমন্বয়ে অনুষ্ঠিত সভায় সরাসরি এবং জুম প্লাটফর্মে অংশগ্রহণকারী সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি সভাকে অবহিত করেন, কর্মপরিকল্পনার নির্দেশনা অনুযায়ী যদি কোনো দপ্তর/সংস্থায় অর্থ বছরের প্রথম ৫ মাসে (জুলাই-নভেম্বর) জিআরএস সিস্টেমে কোনো অভিযোগ পাওয়া না যায়, সে ক্ষেত্রে প্রথম অর্ধবার্ষিকীর শেষ মাসে (ডিসেম্বর) স্টেকহোল্ডারের সমন্বয়ে একটি সভা আয়োজন করার বাধ্যবাধকতা রয়েছে। সে আলোকেই সভা আহবান করা হয়েছে।

জনাব মোত্তাকিন কৃষি গবেষণা সিস্টেম (এনএআরএস) ভুক্ত বিভিন্ন প্রতিষ্ঠান হতে জুম প্লাটফর্মে অংশ নেয়া প্রতিনিধিদের কাছে জানতে চান, বিএআরসি'র ন্যায় অন্য আর কোন প্রতিষ্ঠান রয়েছে কিনা; যারা প্রথম ৫ মাসে কোনো অভিযোগ পায়নি ? অভিযোগ না পেয়ে থাকলে সে ক্ষেত্রে তারা কী ধরনের পদক্ষেপ গ্রহণ করেছে ? তবে কোন প্রতিষ্ঠান থেকেই এ বিষয়ে সাড়া পাওয়া যায়নি। অর্থাৎ প্রতিটি প্রতিষ্ঠানেই প্রথম ৫ মাসে অভিযোগ জমা পড়েছে।

অভিযোগ প্রাপ্তির বিষয়ে এপিএ টীমলিডার এবং কাউন্সিলের সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) ড. মোঃ ছায়ফুল্লাহ উল্লেখ করেন, বিএআরসি'র দাপ্তরিক কার্যক্রমে জনসম্পৃক্ততা অন্যান্য যেকোন প্রতিষ্ঠানের তুলনায় অনেক কম। বিএআরসি ব্যতীত জাতীয় কৃষি গবেষণা সিস্টেমভুক্ত প্রতিটি প্রতিষ্ঠানেরই জনসম্পৃক্ততা রয়েছে। ফলে তারা কম-বেশী অভিযোগ পেলেও বিএআসি'র ক্ষেত্রে তা একেবারেই শূণ্য।

যদিও ইতোপূর্বে নিয়োগ সংক্রান্ত তথ্য চেয়ে কিছু পত্র পাওয়া গিয়েছে। কিন্তু সেগুলো তথ্য অধিকার আইনের আওতাভূক্ত হওয়ায় তথ্য প্রদান করে সমাধা করা হয়েছে। অভিযোগ হিসেবে গণ্য করার সুযোগ ছিলনা। তাছাড়া বিভিন্ন সময়ে উড়ো চিঠি পাওয়া গিয়েছে। তবে সেগুলোর বক্তব্যে আমলে নেয়ার মত উপাদান না থাকায় গুরুত্ব প্রদান করা হয়নি।

সিদ্ধান্ত:

১। অফলাইনে কিংবা জিআরএস সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে অভিযোগ প্রদানের বিষয়ে স্টেকহোল্ডারদের মধ্যে সচেতনতা বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. মোঃ ছায়ফুল্লাহ)
সদস্য-পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোনঃ ২২২২৪২৬২৮
ই-মেইল- m.saif@barc.gov.bd